

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮০১

আগরতলা, ০৮ নভেম্বর, ২০১৮

শান্তিকালী আশ্রমের বাৎসরিক
দীপাবলি উৎসবে মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ বিকেলে জিরানীয়া ব্লকের পূর্ব দেবেন্দ্রনগর গ্রাম পঞ্চায়েতের চিত্তারাম কোবরা পাড়ায় অবস্থিত শান্তিকালী আশ্রমের বাৎসরিক দীপাবলি উৎসবে অংশ নেন। মুখ্যমন্ত্রী ও তাঁর সহধর্মিণী নীতি দেব আজ শান্তিকালী আশ্রমে পৌঁছালে স্বামী চিত্তরঞ্জন মহারাজ ও ভক্তগণ স্তবক ও উত্তরীয় দিয়ে তাদের স্বাগত জানান। এছাড়া স্বাস্থ্যমন্ত্রী সুদীপ রায় বর্মণ, বিধায়ক সুশান্ত চৌধুরী, বিধায়ক ধীরেন্দ্র দেববর্মা এবং প্রদ্যোৎ কিশোর দেববর্মাও শান্তিকালী আশ্রমে গেলে আশ্রমের পক্ষ থেকে পুষ্পস্তবক এবং উত্তরীয় দিয়ে স্বাগত জানানো হয়। মুখ্যমন্ত্রী সহ অন্যরা আশ্রমের গুরু ভবনে গিয়ে প্রার্থনায় অংশ নেন। পরে মুখ্যমন্ত্রী ও তাঁর সহধর্মিণী শান্তিকালী মায়ের মন্দিরে গিয়ে ৩৭ লক্ষ ত্রিপুরাবাসীর কল্যাণে আয়োজিত মহাযজ্ঞে অংশ নেন। ছয়দিনব্যাপী দীপাবলি উৎসব ৪ নভেম্বর এই আশ্রমে শুরু হয়েছে। এখানে জাতি-উপজাতি সকল অংশের পুণ্যাথীদের সমাগম হয়। সকালে উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মাও এই উৎসবে অংশ নেন।
